বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
যুগ্মপরিচালকের কার্যালয়
বরিশাল বিভাগ, বরিশাল
Webmail.jdbarishaldiv@brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.১০.০০.০০০.১১.০০৬.২৬.২৮৫ তারিখঃ ১৮ নভেম্বর ২০২৬ খ্রি.

নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচীর (ইরেসপো) জনবল নিয়োগে মাঠ সংগঠক পদে পরীক্ষা আগামী ০৫/১২/২০২৬ খ্রি. রোজ শনিবার সকাল ১০.০০ ঘটিকা হতে ১১.০০ ঘটিকা, হিসাব সহকারী পদে পরীক্ষা একই দিনে বেলা ১২.০০ ঘটিকা হতে বেলা ১.০০ ঘটিকা এবং এআরডিও পদে পরীক্ষা একই দিনে বেলা ৩.০০ ঘটিকা হতে ৪.০০ ঘটিকা বরিশাল সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, বরিশাল এ লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে ডাকযোগে প্রার্থীদের বর্তমান ঠিকানায় প্রবেশপত্র প্রেরণ করা হয়েছে। কোন প্রার্থী ডাকযোগে প্রবেশ পত্র না পেয়ে থাকলে ২৪/১১/২০২৬ খ্রি. তারিখ হতে বিভাগীয় কার্যালয়, বিআরডিবি, বরিশাল এ অফিস চলাকলীন সময়ে ০২ কপি পাসপোর্ট সাইজ ছবিসহ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ০৮/১২/২০২৬ ও ০৯/১২/২০২৬ খ্রি. তারিখ বিআরডিবির বিভাগীয় কার্যালয়, বরিশাল এ সকাল ১০.০০ ঘটিকা হতে অনুষ্ঠিত হবে।

১৮/১১/২৬

মোহাম্মদ শহীদ উল্যাহ্
যুগ্মপরিচালক
বরিশাল বিভাগ, বরিশাল

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে।
১। কর্মসূচি পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
২। উপপরিচালক, প্রোগ্রামিং, বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, বরিশাল বিভাগ (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। .....।
৭। অফিস নথি।

CamScanner
bekarsfeed.com